# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
**ম য় ম ন সিং হ**
**(www.bau.edu.bd)**

## এপ্রিল - সেপ্টেম্বর, ২০২৪ (Summer Semester) সিমেস্টারে এম.এস. কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে এপ্রিল-সেপ্টেম্বর, ২০২৪ (Summer Semester) সিমেস্টারে ভেটেরিনারি, কৃষি, পশুপালন, কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজবিজ্ঞান, কৃষি প্রকৌশল ও প্রযুক্তি, মাৎস্য বিজ্ঞান অনুষদ এবং বিভিন্ন ইনস্টিটিউটের অধীনস্ত বিষয়সমূহে ৩ (তিন) সিমেস্টার (১৮ মাস) মেয়াদী এম.এস. কোর্সে শুধুমাত্র বাংলাদেশী ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে অনলাইনে (https://www.bau.edu.bd/msapplication/form) দরখাস্ত আহবান করা হচ্ছে।

**আবেদনের যোগ্যতা ঃ**

১. ভেটেরিনারি অনুষদের অন্তর্ভূক্ত বিভাগসমূহে ভর্তির জন্য ডি.ভি.এম. অথবা এম.বি.বি.এস./বি.ডি.এস. ডিগ্রীধারী এবং অন্যান্য অনুষদের সকল বিভাগে ভর্তির জন্য এ বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম স্নাতক ডিগ্রীধারী অথবা অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের (Recognized institutions, except students of Open University/National University/Private University) ছাত্র-ছাত্রীদের এ বিশ্ববিদ্যালয়ের ডিগ্রীর অনুরূপ ডিগ্রীধারী হতে হবে।

২. ক) **কোর্স ক্রেডিট পদ্ধতিঃ** স্নাতকে কমপক্ষে জিপিএ ২.৫ (৪ এর মধ্যে) অথবা ৩.৫ (৫ এর মধ্যে) থাকতে হবে এবং ভর্তিচ্ছু সংশ্লিষ্ট বিষয়ে B গ্রেড/জিপিএ ৩.০ অথবা Pre-requisite কোর্সসমূহে গড়ে B (বি) গ্রেড/জিপিএ ৩.০ থাকতে হবে।

**বার্ষিক পদ্ধতিঃ** স্নাতকে গড়ে কমপক্ষে ৫০% নম্বর থাকতে হবে।

খ) ২ (ক) নং শর্ত পূরণ সাপেক্ষে যারা এ বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ে কৃষি সম্প্রসারণ শিক্ষা, প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান, কৃষি ও ফলিত পরিসংখ্যাণ এবং গ্রামীণ সমাজবিজ্ঞান বিষয়সমূহের প্রতিটিতে সিমেস্টার পদ্ধতিতে ন্যূনতম ৪ (চার) ক্রেডিট অথবা বার্ষিক পদ্ধতিতে ন্যূনতম ১৫০ নম্বর অধ্যয়ন করে উত্তীর্ণ হয়েছে, তারা ঐ চারটি বিষয়ে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

৩. এম.এস. কোর্সে ২য় বার ডিগ্রী অর্জনের সুযোগ নেই। তবে, বিষয় ভিত্তিক প্রয়োজনীয়তার নিরিখে নিয়োগকর্তা কর্তৃক সুপারিশের আলোকে Merit বিবেচনায় ২ নং শর্ত পূরণ সাপেক্ষে ২য় বার এম.এস. কোর্সে ভর্তির বিষয় বিবেচনা করা যেতে পারে।

৪. পূর্বে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদেরকে এই সিমেস্টারে আবেদন করতে হলে পূর্বে ভর্তিকৃত বিভাগের বিভাগীয় প্রধান, সুপারভাইজার এবং কো-অর্ডিনেটর, উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি এর সুপারিশক্রমে পূর্বের ভর্তি বাতিল করে আবেদন করতে হবে।

**আবেদন প্রক্রিয়া এবং আবেদন ফি প্রদান ঃ**

৫. **০৩ থেকে ১০ মার্চ ২০২৪** এর মধ্যে অনলাইনে (https://www.bau.edu.bd/msapplication/form) আবেদন করতে হবে। আবেদনের পূর্বে বাকৃবি থেকে স্নাতক পাশ করা ছাত্র-ছাত্রীদেরকে ERP Student Profile এর সকল তথ্য Update করে নিতে হবে। কারন, এই তথ্যই স্বয়ংক্রিয়ভাবে MS এর Application form এ যুক্ত হবে।

৬. আবেদন ফি ৭০০/- (সাতশত) টাকা মাত্র। আবেদন সম্পন্নের পর আবেদনের সময় প্রদত্ত ই-মেইলে পিন ও পাসওয়ার্ড প্রদান করা হবে। অনলাইনে আবেদনের প্রোফাইলে প্রাপ্ত পিন ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করার পর Pay Now বাটনে ক্লিক করে **মোবাইল ব্যাংকিং** এর মাধ্যমে আবেদন ফি প্রদান করতে হবে।

৭. আবেদনের সময় পছন্দ অনুসারে ২টি বিভাগ/বিষয়ের নাম উল্লেখ করা যাবে। ১ম পছন্দের বিভাগ/বিষয়ে ভর্তির যোগ্য না হলে বিভাগীয় প্রধান কারন উল্লেখপূর্বক আবেদনটি Reject করবেন। তখন আবেদনটি ১ম পছন্দের বিভাগ/বিষয় থেকে ২য় পছন্দের বিভাগ/বিষয়ের অপেক্ষমান তালিকায় অন্তর্ভূক্ত হবে। এ জন্য প্রার্থীরা যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক সে বিভাগে যোগাযোগ পূর্বক আবেদন করবে।

৮. আবেদনের সময় নিম্নবর্ণিত ডকুমেন্ট সমূহ আপলোড করতে হবে। প্রত্যেকটি ডকুমেন্ট হবে সর্বোচ্চ 2MB এর PDF ফরম্যাট। কোন ডকুমেন্ট একাধিক পৃষ্ঠার হলে সবগুলো পৃষ্ঠাকে একটি PDF ফাইলে রূপান্তর করে আপলোড করতে হবে।

ক) ব্যাচেলর ডিগ্রীর সকল মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট, মাইগ্রেশন সার্টিফিকেট (অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে পাশ করা ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে) জাতীয় পরিচয় পত্র এবং সাম্প্রতিক তোলা রঙ্গীন পাসপোর্ট সাইজ ছবি।

খ) চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে নিজ নিয়োগকর্তার নিকট থেকে "অধ্যয়নকালীন সময়কাল অর্থাৎ ১৮ মাসের ছুটি প্রদান করা হবে" মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ এর কপি। **ভর্তির তারিখ হতে তিন মাসের মধ্যে ছুটির চূড়ান্ত কাগজ শিক্ষা বিষয়ক শাখায় জমা না দিলে ভর্তি আপনা-আপনি (Automatically stand cancelled) বাতিল বলে গণ্য হবে।**

**অন্যান্য তথ্যাদি ঃ**

৯. **<u>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান BoS সভার মাধ্যমে-</u>**

(ক) শিক্ষা ও গবেষণার সুযোগ-সুবিধার নিরিখে বাকৃবি-র গ্রাজুয়েটদেরকে অগ্রাধিকার প্রদান পূর্বক ভর্তির সংখ্যা নির্ধারণ করবেন।

(খ) নং ২ এর (ক) ও (খ) এ উল্লেখিত শর্ত পূরণকারীদেরকে ভর্তির জন্য সুপারিশ করবেন।

(গ) আবেদনকারী এম.এস. কোর্সে ভর্তিকৃত কি-না, চাকুরীরত কি-না ইত্যাদি যাচাই-বাছাই পূর্বক ভর্তির জন্য সুপারিশ করবেন।

১০. **আবেদন প্রক্রিয়া সম্পন্নের পর নিম্নবর্ণিত ধাপসমূহ অনুসরণ করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে দায়িত্বপ্রাপ্ত ব্যাক্তিবর্গ অনলাইন প্যানেলে আবেদনটিতে Approval দিবেন অথবা কারন উল্লেখপূর্বক আবেদনটি Reject করবেন। নির্ধারিত সময়ের পর অনলাইনে আর কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না। আবেদনকারী ERP Student Profile এ তার আবেদনের অবস্থান সনাক্ত করতে পারবে।**

| দায়িত্বপ্রাপ্ত | করণীয় | তারিখ |
|---|---|---|
| **বিভাগীয় প্রধান** | **<u>মেধা তালিকার</u>** প্রার্থীদের ভর্তির যোগ্যতা যাচাই করে BoS সভার মাধ্যমে সুপারভাইজার নির্ধারণ করতঃ তালিকাটি অনলাইন প্যানেলে আপডেট করা এবং যারা ভর্তির সুযোগ পাবে না কারন উল্লেখপূর্বক তাদের আবেদনটি Reject করা। মেধা তালিকা থেকে আবেদন Reject হলে তা অপেক্ষমান তালিকায় চলে যাবে | ১১ থেকে ১৩ মার্চ ২০২৪ এর মধ্যে |
| | **<u>অপেক্ষামান তালিকার</u>** প্রার্থীদের ভর্তির যোগ্যতা যাচাই করে BoS সভার মাধ্যমে সুপারভাইজার নির্ধারণ করতঃ তালিকাটি অনলাইন প্যানেলে আপডেট করা এবং যারা ভর্তির সুযোগ পাবে না কারন উল্লেখপূর্বক তাদের আবেদনটি Reject করা। অপেক্ষমান তালিকা থেকে আবেদন Reject হলে সে আর ভর্তির সুযোগ পাবে না | ১৪ থেকে ১৮ মার্চ ২০২৪ এর মধ্যে |
| **সুপারভাইজার** | প্রার্থীকে সুপারভাইজ করার বিষয়ে অনলাইন প্যানেলে সম্মতি/অসম্মতি প্রদান | ১৯ থেকে ২৪ মার্চ ২০২৪ এর মধ্যে |
| **প্রক্টর** | প্রার্থীদের জন্য অনলাইন প্যানেলে আবাসিক হল নির্ধারণ | |
| **প্রভোস্ট** | প্রার্থীর হল Attachment বিষয়ে অনলাইন প্যানেলে সম্মতি/অসম্মতি প্রদান | |
| **কো-অর্ডিনেটর** | আবেদনসমূহ যাচাই-বাছাই করে ভর্তির জন্য সম্মতি/অসম্মতি প্রদান করা | ২৫ মার্চ ২০২৪ এর মধ্যে |
| **রেজিস্ট্রার** | ভর্তির জন্য সম্মতি প্রদান | ২৬ মার্চ ২০২৪ এর মধ্যে |

**ভর্তি ফি প্রদান ঃ**

১১. রেজিস্ট্রার ভর্তির জন্য সম্মতি প্রদান করার সাথে সাথে ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রী ভর্তি ফি প্রদান সংক্রান্ত মেইল পাবে। মেইল পাওয়ার পর ভর্তিযোগ্য ছাত্র-ছাত্রীদেরকে নিম্নবর্ণিত তারিখের মধ্যে ক্রমিক নং ৬ এ উল্লেখিত পদ্ধতি অনুসরণ করে ভর্তি ফি এবং হল সংক্রান্ত ফি অনলাইনে প্রদান করে ভর্তি নিশ্চিত করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ফি প্রদান না করলে আবেদনটি বাতিল হয়ে যাবে এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। মোট ফি-র সাথে মোবাইল ব্যাংকিং চার্জ স্বয়ংক্রিয়ভাবে যুক্ত হবে।

| ক্যাটাগরি | ভর্তি ফি | হল সংক্রান্ত ফি | মোট | তারিখ |
|---|---|---|---|---|
| এই বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য প্রার্থী | **৮২০/-** | **৮৮০/-** | **১৭০০/-** | ২৭ থেকে ৩০ মার্চ ২০২৪ |
| অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভর্তিযোগ্য প্রার্থী | **৯৫০/-** | **৮৮০/-** | **১৮৩০/-** | |

১২. ছাত্র-ছাত্রীদেরকে ওয়েবসাইট থেকে মেডিক্যাল ফরম ডাউনলোড করে ক্লাশ শুরুর পর থেকে ৭ (সাত) দিনের মধ্যে হেল্থ কেয়ার সেন্টার, বাকৃবি-তে স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে মেডিক্যাল ফরমটি শিক্ষা বিষয়ক শাখায় জমা দিতে হবে।

১৩. অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে আগত ছাত্র-ছাত্রীরা ক্লাশ শুরুর পর থেকে ৭ (সাত) দিনের মধ্যে ব্যাচেলর ডিগ্রীর সকল মার্কশীট/ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে। বিভাগীয় প্রধান আবেদনের সময় অনলাইনে আপলোডকৃত মার্কশীট/ট্রান্সক্রিপ্ট এর সাথে মূল মার্কশীট/ট্রান্সক্রিপ্ট মিলিয়ে দেখে মূল কপি ছাত্র-ছাত্রীদেরকে ফেরত দেবেন। বিভাগীয় প্রধান কোন গড়মিল পেলে উক্ত ছাত্র/ছাত্রীর নাম ভর্তি বাতিলের জন্য শিক্ষা বিষয়ক শাখায় প্রেরণ করবেন।

১৪. ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ **১ এপ্রিল ২০২৪** তারিখ থেকে শুরু হবে।

স্বা/-

**রেজিস্ট্রার**